



জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

(এনআইএলজি)

২৯, আগারগাঁও, ঢাকা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০-৭৮১

তারিখঃ ২২-০২-২০১৮ খ্রি.

প্রাপক:

সম্মানিত মেয়র,

ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ /ঝালকাঠি পৌরসভা, ঝালকাঠি /বাউফল পৌরসভা, পটুয়াখালী।

বিষয় : পৌরসভার কাউন্সিলরগণের জন্য “পৌরসভা প্রশাসন অবহিতকরণ” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ১০ম ব্যাচের প্রশিক্ষণ সময়সূচি পরিবর্তন এবং পরিবর্তিত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণে অংশ গ্রহন প্রসঙ্গে।

- সূত্র : ১। এনআইএলজি'র ১৭-০১-২০১৮ তারিখের ৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০-৭৪৮ নং পত্র,
২। এনআইএলজি'র ২০-০২-২০১৮ তারিখের ৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০-৭৭৯ নং পত্র এবং
৩। এনআইএলজি'র ২২-০২-২০১৮ তারিখের ৪৬.০১৮.০০০০.০০২.০১.০০২.১০-৭৮০ নং পত্র।

উপরোক্ত তিনটি পৌরসভার কাউন্সিলরগণের জন্য আগামী ১৭-১৯ মার্চ, ২০১৮ তারিখ (১০ম ব্যাচ) ৩(তিন) দিনব্যাপী “পৌরসভা প্রশাসন অবহিতকরণ” শীর্ষক আবাসিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কিন্তু অনিবার্য কারণবশত: উক্ত কোর্সটি ১৭-১৯ মার্চ, ২০১৮ তারিখের পরিবর্তে আগামী ১৩-১৫ মার্চ, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।

আপনার পৌরসভার সকল কাউন্সিলরগণের (সাধারণ ও সংরক্ষিত) আগামী ১২-০৩-২০১৮ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে এনআইএলজিতে উপস্থিতি নিশ্চিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ প্রসঙ্গে নিম্নোক্ত তথ্যবলি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সন্নিবেশিত হলো:

- ১। কোর্সে অংশগ্রহণকারী কাউন্সিলরগণকে সংশ্লিষ্ট পৌরসভা যাতায়াত ভাতা প্রদান করবে। এনআইএলজি কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- ২। প্রশিক্ষণকালীন এনআইএলজি কর্তৃক প্রশিক্ষণ ভাতার ব্যবস্থা রয়েছে যা দ্বারা অংশগ্রহণকারীগণের থাকা ও খাওয়ার ব্যবস্থা করা হবে।
- ৩। প্রশিক্ষণার্থীগণকে অবশ্যই এনআইএলজি'র হোস্টেলে অবস্থান করতে হবে। হোস্টেলে সীমিত আবাসিক সুবিধার কারণে কোন অবস্থাতেই প্রশিক্ষণার্থী ব্যতীত পরিবারের কোন সদস্য বা অতিথি সংগে রাখা যাবে না।
- ৪। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যের জন্য জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা ও কোর্স সমন্বয়ক (০১৭৫৬১৯৯৯১৫) এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।
- ৫। এই প্রতিষ্ঠান থেকে কাউন্সিলরগণকে পৃথকভাবে কোন আমন্ত্রণপত্র প্রেরণ করা হবে না। সংশ্লিষ্ট পৌরমেয়র প্রশিক্ষণার্থীগণকে আমন্ত্রণপত্র প্রদান করবেন এবং উহার অনুলিপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করতে তাঁকে সবিনয় অনুরোধ করা হলো।।

আশা করি সকল প্রশিক্ষণার্থী যথাসময়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করবেন।

আন্তরিকভাবে আপনার,

মো. আবদুল খালেক

উপ পরিচালক

(প্রশিক্ষণ ও পরামর্শ)

ফোনঃ ০১৭১৮৭৮৩২৭০

E-mail: akhaleque1212@gmail.com

অনুলিপিঃ

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা ও কোর্স সমন্বয়ক, এনআইএলজি, ঢাকা।
৩. জনাব ইমরানুর রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা (ওয়েব সাইটে আপলোড করার জন্য)
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় গোচরীভূত করার জন্য)